

ভিসা সেন্টারে নিরাপত্তা বাড়ানোর অনুরোধ ভারতীয় হাইকমিশনের

- A Monitor Desk Report

Date: 27 August, 2024



ঢাকাঃ নতুন করে ভারতীয় ভিসা আবেদন এখনও নেওয়া হচ্ছে না। শুধু আগে জমা নেওয়া পাসপোর্ট ভিসাপ্রত্যাশীকে ফেরত দিতে কার্যক্রম সীমিত পরিসরে চালু রেখেছে ভারতীয় ভিসা আবেদন সেন্টার। ফলে চিকিৎসাসহ নানা প্রয়োজনে ভারত যেতে ভিসা পাচ্ছেন না অনেক মানুষ।

সোমবার (২৬ আগস্ট) ভিসার দাবিতে ঢাকা ও সাতক্ষীরায় ভারতীয় ভিসা আবেদন সেন্টারে বিক্ষোভ করেছেন ভিসাপ্রত্যাশীরা। এ পরিস্থিতিতে অনাকাঙ্ক্ষিত উল্লেখ করে ভিসা কেন্দ্রে নিরাপত্তা বাড়াতে সরকারের প্রতি অনুরোধ জানিয়েছে ঢাকার ভারতীয় হাইকমিশন।

পর্যটক, চিকিৎসা, শিক্ষা, ব্যবসায়ীসহ বিভিন্ন শ্রেণিতে প্রতিবছর প্রায় ২৫ লাখ বাংলাদেশি ভারতে ভ্রমণ করে। সশস্ত্রী ও উন্নত চিকিৎসার জন্য বাংলাদেশিদের অন্যতম গন্তব্য ভারত। তবে জুলাইয়ের মাঝামাঝিতে কোটা সংস্কার আন্দোলন শুরুর পর ভিসা কার্যক্রম সীমিত করা হয়। এতে বিপাকে পড়েন অনেকে। অস্থিতিশীল পরিস্থিতির কারণে ৪ আগস্ট থেকে তা অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়া হয়। এখন ভিসা সেন্টারগুলো সীমিত আকারে চালু হলেও নতুন আবেদন নেওয়া হচ্ছে না।

বিশ্বের সব দেশের দূতাবাস বাংলাদেশে নেই। ফলে বাংলাদেশিদের বিভিন্ন দেশের ভিসা ভারতে থাকা সেসব দেশের দূতাবাস থেকে সংগ্রহ করতে হয়। আর এ ধরনের ভিসা বেশির ভাগ ক্ষেত্রে শিক্ষার্থীরা সংগ্রহ করে। যেসব শিক্ষার্থী সেসব দেশের শীতকালীন সেশনে শিক্ষা কার্যক্রম শুরু করতে ইচ্ছুক, তারা সে দেশের ভিসা তো দূরের কথা— ভারতের ভিসারই আবেদন করতে পারছেন না। এতে করে ঝুঁকিতে পড়েছে তাদের শিক্ষাজীবন।

সম্প্রতি এ নিয়ে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন সাংবাদিকদের বলেন, কিছু ছাত্র এসেছিলেন, যারা ভারত থেকে তৃতীয় দেশের ভিসা সংগ্রহ করেন। এখন ভারতীয় ভিসা সীমিত পরিসরে দেওয়া হচ্ছে, ফলে সমস্যা দেখা দিয়েছে।

সোমবার দুপুরে রাজধানীর যমুনা ফিউচার পার্কে ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রে ভিসা নিতে গিয়ে শুধু পাসপোর্ট ফেরত পেয়ে ভিসাপ্রত্যাশীরা বিক্ষুব্ধ হয়ে ওঠেন। একপর্যায়ে তারা ঢাকা ভিসা আবেদন কেন্দ্রের ভেতরেই মিছিল করতে থাকেন। ভাটারা থানার ওসি মাজহারুল ইসলাম

জানান, বেলা ১১টা থেকে ৩০০ থেকে ৪০০ ভিসাপ্রত্যাশী ভারতীয় ভিসা কেন্দ্রে ভিড করলেও কোনো ভাঙচুরের ঘটনা ঘটেনি। বিকাল ৩টার দিকে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

সাতক্ষীরা প্রতিনিধি জানান, কয়েক মাস ঘুরে ভিসা না পাওয়ায় সোমবার দুপুরে সাতক্ষীরা শহরের ইটাগাছার ভারতীয় ভিসা আবেদন কেন্দ্রের সামনে বিক্ষোভ করেন ভিসাপ্রার্থীরা। ভিসা না পাওয়ার বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে, ভিসা কেন্দ্রে কর্মরতদের এমন আশ্বাসে পরিস্থিতি শান্ত হয়।

ভিসা সেন্টারের এক সুপারভাইজার বলেন, ভিসা দেওয়া, না দেওয়ার ক্ষেত্রে আমাদের হাত থাকে না। আমরা স্থানীয় মানুষের বিক্ষোভের কথা ঢাকায় জানিয়েছি।

এদিকে উদ্ভূত পরিস্থিতিতে ভারতীয় ভিসা কেন্দ্রের নিরাপত্তা জোরদারে ঢাকার ভারতীয় হাইকমিশন সরকারকে অনুরোধ জানিয়েছে। হাইকমিশনের এক ভারতীয় কর্মকর্তা একটি সংবাদ সংস্থাকে বলেন, আমরা বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানিয়েছি। আমরা মৌখিকভাবে নোট পাঠিয়েছি। আমাদের নিরাপত্তা বাড়াতে হবে। আমাদের জন্য এ ধরনের পরিস্থিতি তৈরি হওয়া উচিত নয়। আজকের ঘটনায় তারা কোনোভাবে আস্থাশীল নয় উল্লেখ করে এই কর্মকর্তা বলেন, তারা মূলত জনগণের অনুরোধে পাসপোর্ট ফেরত দিচ্ছেন। পরিস্থিতি হঠাৎ করে নিয়ন্ত্রণের বাইরে চলে যায় এবং লোকজনকে হুমকি দেওয়া হয়।

হাইকমিশনের ওই কর্মকর্তা আরও জানান, তারা আবেদনপত্র ঠিক রেখে সব পাসপোর্ট ফেরত দিচ্ছেন, যাতে স্বাভাবিক অবস্থা ফিরে এলে আবেদনকারীরা আবার তাদের পাসপোর্ট জমা দিতে পারেন। জনগণের সহযোগিতা প্রয়োজন উল্লেখ করে তিনি বলেন, যেহেতু অনেকে পাসপোর্ট ফেরত চাইছেন, তাই তাদের আবেদন বাতিল না করেই আমরা পাসপোর্ট ফেরত দিচ্ছি। তবে হাইকমিশন ইতোমধ্যে বকেয়া মেডিকেল ভিসার ছাড়পত্র দিয়েছে।

-B